

রেজিস্ট্রারের কার্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়

কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ

ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ অফিস

পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)

ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫

ই-মেইল : registrar@iu.ac.bd, Website:www.iu.ac.bd



Office of the Registrar

Islamic University

Kushtia-Jhenaidah, Bangladesh

Phone : +88-02477786704 Office

PABX: +88-02477786710-02477786715/2206 (Office)

Fax : +88-02477786705

E-mail : registrar@iu.ac.bd, Website : iu.ac.bd

স্মারক নং : ০২/সিএস/ইবি-২০২২/১৪৯

Ref. No.


তারিখ : ২৪.০৭.২০২২

Date:

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে D-ইউনিট এর অন্তর্ভুক্ত বিভাগ সমূহে
ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব ও ইসলামী শিক্ষা অনুষদভূক্ত তিনটি বিভাগ যথা (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, (২) দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ এবং কলা অনুষদভূক্ত (৪) আরবী ভাষা ও সাহিত্য বিভাগের সমন্বয়ে গঠিত D-ইউনিটের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

- ১। আবেদন করার পদ্ধতি : বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ প্রকাশিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত এবং ওয়েবসাইটে প্রদর্শিত ধাপসমূহ অনুসরণ করে আবেদন করতে হবে।
- ২। আবেদনকারীর প্রাথমিক যোগ্যতা : ভর্তিচ্ছু আবেদনকারীকে অবশ্যই ২০২০ অথবা ২০২১ সালের উচ্চ মাধ্যমিক/সম্মান এবং ২০১৭, ২০১৮ অথবা ২০১৯ সালের মাধ্যমিক/সম্মান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত শর্ত পূরণ করা সাপেক্ষে বিভিন্ন কোটায় ভর্তির জন্য আবেদন করা যাবে। বিশেষ কোটায় ভর্তির আবেদন সংক্রান্ত তথ্য পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।
- ৩। আবেদন করার সময়সীমা : আগামী ০১/০৮/২০২২ খ্রি. রাত ১২.০১ মিনিট থেকে ১৩.০৮.২০২২ খ্রি. রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে। এই সময়ে ওয়েবসাইটে নির্দেশিত পছন্দ অনুসরণ করে প্রাথমিক আবেদন ফি বাবদ ১২৫০/= (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা মোবাইল, রকেট/নগদ/বিকাশএর মাধ্যমে পরিশোধ করতে হবে।
- ৪। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্য :
 - (ক) ভর্তিচ্ছু প্রত্যেক আবেদনকারী কেবল D-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - (খ) ভর্তি পরীক্ষা আগামী ২৭/০৮/২০২২ তারিখে অনুষ্ঠিত হবে। পরীক্ষার প্রবেশপত্র গ্রহণের তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের এবং পরীক্ষার সময়সূচী পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ বিজ্ঞপ্তি প্রকাশসহ এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।
 - (গ) মোট ৮০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে।
- ৫। ভর্তি পরীক্ষার ফলাফল, চূড়ান্ত ভর্তি প্রক্রিয়ার সময়সীমা এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ক্লাস শুরু তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://www.iu.ac.bd/admission> এ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।
- ৬। ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রচলিত বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির নীতিমালা (Foreign Students Admission Ordinance) অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে উপরিউক্ত ইউনিট অন্তর্ভুক্ত বিভাগসমূহে বিদেশী ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য ও নীতিমালা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd থেকে সংগ্রহ করা যাবে।


(এইচ.এম. আলী হাসান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া